# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৪০

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ সকাল-সন্ধ্যায় আল্লাহর যিকর

## আরবী

وَعَنهُ : أَنَّ أَبَا بَكْرٍ الصِّدِّيْقِ قَالَ : يَا رَسُوْلَ اللهِ مُرْنِيْ بِكَلِمَاتٍ أَقُوْلُهُنَّ إِذَا أَصْبَحْتُ وَإِذَا أَمْسَيْتُ قَالَ قُلْ : اَللّٰهُمَّ فَاطِرَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ ؛ رَبَّ كُلِّ شَيْءٍ وَمَلِيكَهُ أَشْهَدُ أَنْ لَا إِلٰـهَ إِلاَّ أَنْتَ أَعُوْذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِيْ وَشَرِّ الشَّيْطَانِ وَشِرْكِهِ قَالَ قُلْهَا إِذَا أَصْبَحْتَ وَإِذَا أَمْسَيْتَ وَإِذَا أَخَذْتَ مَضْجَعَكَ رواه أَبُو داود والترمذي وقال حديث حسن صحيح

## বাংলা

(৩৭৪০) উক্ত রাবী (রাঃ) হতে বর্ণিত, আবূ বকর সিদ্দীক (রাঃ) বললেন, 'হে আল্লাহর রসূল! আমাকে কিছু বাক্য বাতলে দিন, যেগুলি সকাল-সন্ধ্যায় আমি পড়তে থাকব।' তিনি বললেন, বল, 'আল্লা-হুম্মা ফা-ত্বিরাস সামা-ওয়া-তি অল আরযি,আ-লিমাল গায়বি অশশাহা-দাহ, রাব্বা কুল্লি শাইয়িন অমালীকাহ, আশহাদু আল লা ইলা-হা ইল্লা আনতা আঊযু বিকা মিন শাররি নাফসী অশাররিশ শায়ত্বা-নি অশিরকিহ।'

অর্থাৎ, হে আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃজনকর্তা, উপস্থিত ও অনুপস্থিত পরিজ্ঞাতা, প্রত্যেক বস্তুর প্রতিপালক ও অধিপতি আল্লাহ! আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ব্যতীত কোন সত্য উপাস্য নেই। আমি আমার আত্মার মন্দ হতে এবং শয়তানের মন্দ ও শিরক হতে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি।

এটি সকাল-সন্ধ্যা তথা শোবার সময় পাঠ করো।

## ফুটনোট

(আবু দাউদ ৫০৬৯, তিরিমিযী ৩৩৯২, হাসান সহীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67488

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন